গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো
উপজেলা পরিসংখ্যান কার্যালয়
শেরপুর, বগুড়া।
www.bbs.sherpur.bogra.gov.bd

স্মারক নং- ৫২.০১.১০৮৮.০০০.৩৭.০২১.১৫- ০৬৫

তারিখ ঃ ০৪ আগস্ট, ২০২১ খ্রিঃ।

## নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো কর্তৃক বাস্তবায়নাধীন ৬ষ্ঠ "জনশুমারি ও গৃহগণনা-২০২১" এর মূল শুমারি কার্যক্রম আগামী ২৫-৩১ অক্টোবর/২১ খ্রিঃ সপ্তাহব্যাপী সারাদেশে অনুষ্ঠিত হবে। উক্ত গণনা কার্যক্রমে 'সুপারভাইজার ও তথ্যসংগ্রহকারী/গণনাকারী' পদে মনোনয়নের লক্ষ্যে নিম্নবর্ণিত শর্তে সম্পূর্ন অস্থায়ী ভিত্তিতে শুধুমাত্র শেরপুর উপজেলার বসবাসকারী শিক্ষিত বেকার যুবক/যুব মহিলাদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

| ক্রঃ নং | পদের নাম | প্রাপ্য ভাতাদি (টাকা) | শিক্ষাগত যোগ্যতা |
|---|---|---|---|
| ০১ | সুপারভাইজার | প্রকল্পের বর্তমান ডিপিপি অনুযায়ী সম্মানী ভাতা পাবেন | ১) স্নাতক পাস হতে হবে।<br>২) নিজস্ব স্মার্ট ফোন থাকতে হবে এবং চালনায় দক্ষ হতে হবে।<br>৩) স্মার্ট ফোনের এন্ড্রয়েড ভার্সন কমপক্ষে ৬" বা তদুর্ধ্ব এবং স্ক্রিন সাইজ অন্তত ৫" ইঞ্চি থাকতে হবে।<br>৪) ০১/০১/২০২১ তারিখে বয়স ২৫-৪০ বছরের মধ্যে হতে হবে।<br>৫) হাতের লেখা সহজে বোধগম্য ও সুন্দর হতে হবে।<br>৬) উপর্যুক্ত শর্তাবলী পূরণ সাপেক্ষে পূর্ববর্তী কোন শুমারিতে সুপারভাইজার হিসেবে কাজের অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার দেয়া হবে। |
| ০২ | তথ্যসংগ্রহকারী/ গণনাকারী | প্রকল্পের বর্তমান ডিপিপি অনুযায়ী সম্মানী ভাতা পাবেন | ১) ন্যূনতম এইচএসসি/সমমান পাস হতে হবে।<br>২) নিজস্ব স্মার্ট ফোন থাকতে হবে এবং চালনায় দক্ষ হতে হবে।<br>৩) স্মার্ট ফোনের এন্ড্রয়েড ভার্সন কমপক্ষে ৬" বা তদুর্ধ্ব এবং স্ক্রিন সাইজ অন্তত ৫" ইঞ্চি থাকতে হবে।<br>৪) ০১/০১/২০২১ তারিখে বয়স ১৮-৩০ বছরের মধ্যে হতে হবে।<br>৫) হাতের লেখা সহজে বোধগম্য ও সুন্দর হতে হবে।<br>৬) উপর্যুক্ত শর্তাবলী পূরণ সাপেক্ষে পূর্ববর্তী কোন শুমারিতে গণনাকারী হিসেবে কাজের অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার দেয়া হবে। |

বি.দ্রঃ উল্লিখিত হার প্রকল্পের বর্তমান ডিপিপির বর্ণনা মোতাবেক। তবে ডিপিপি সংশোধিত হলে, জাতীয় স্বার্থে প্রয়োজন দেখা দিলে কিংবা নতুন বিধিমালা জারি বা এ ধরনের ক্ষেত্রে উর্ধ্বতন কর্তৃপক্ষের সিদ্ধান্ত অনুসারে উক্ত হার পরিবর্তিত হতে পারে।

শর্তাবলীঃ

১. **গণনাকারীকে স্ব স্ব গণনা এলাকার স্থায়ী বাসিন্দা হতে হবে। একজন ব্যক্তি একটি মাত্র পদে আবেদন করতে পারবেন।**
২. মূল শুমারি আগামী ২৫-৩১ অক্টোবর/২১ খ্রিঃ। প্রতি তথ্যসংগ্রহকারী /গণনাকারী ০৭(সাত) দিনে মোট ১২০(কম/বেশী) খানার তথ্য সংগ্রহ করতে হবে।
৩. মূল শুমারি কার্যক্রমে ট্যাবলেট পিসি ব্যবহার পূর্বক তথ্য সংগ্রহ করা হবে।
৪. অন্য কোন পেশায় নিয়োজিত থাকলে কেউ আবেদন করতে পারবেন না। পরবর্তীতে এরকম প্রমাণ পেলে তৎক্ষণাৎ মনোনয়ন কমিটি তাদেরকে বাতিল করার ক্ষমতা রাখেন।
৫. সকল পদের আবেদন ফরম আগামী ১১/০৮/২০২১ খ্রিঃ তারিখের মধ্যে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে ও উপজেলা পরিসংখ্যান অফিস,শেরপুর, বগুড়ায় সরাসরি, বাহন মারফত অথবা ডাকযোগে অফিস সময়ের মধ্যে পৌছাতে হবে। ভুল বা অসম্পূর্ণ আবেদন ফরম বাতিল বলে গণ্য হবে।
৬. প্রয়োজনে নিজের মৌজা/ইউনিয়ন, মহল্লা/ওয়ার্ড ব্যতিরেকে অন্য মৌজা/ইউনিয়ন, মহল্লা/ওয়াডে কাজ করার মানসিকতা থাকতে হবে।
৭. প্রার্থীদের নির্বাচনী পরীক্ষায় (প্রযোজ্য ক্ষেত্রে) অংশ গ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ দেয়া হবে না।
৮. মৌখিক পরীক্ষার সময় সকল সনদের মূল কপি প্রদর্শন করতে হবে।
৯. **প্রার্থীকে খামের উপর পদের নাম, পৌরসভা/ইউনিয়নের গ্রাম ও ওয়ার্ড নং উল্লেখ করতে হবে।**

অন্যান্য তথ্যবলীঃ

১. উপজেলা পরিসংখ্যান কার্যলয়, শেরপুর, বগুড়া এর ওয়েবসাইট www.bbs.sherpur.bogra.gov.bd থেকে ডাউনলোড করে আবেদনের নির্ধারিত ফরম সংগ্রহপূর্বক সহস্তে পূরণ করে আবেদন করতে হবে। এছাড়া আবেদনের নির্ধারিত ফরম উপজেলা পরিসংখ্যান অফিস, শেরপুর, বগুড়া থেকেও সংগ্রহ করা যাবে।
২. প্রতিটি ইউনিয়ন/পৌরসভায় কমপক্ষে ৫০% মহিলা শুমারি কর্মী নিয়োগ করা হবে।
৩. নির্বাচিত/অপেক্ষমান প্রার্থীদের তালিকা উপজেলা পরিসংখ্যান অফিসের ওয়েবসাইটে ,উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা পরিসংখ্যান অফিস শেরপুর, বগুড়া এর নোটিশ বোর্ডে প্রকাশ করা হবে।
৪. নির্বাচিত প্রার্থী প্রশিক্ষণে অনুপস্থিত থাকলে তিনি কাজ করতে আগ্রহী নন বলে গণ্য হবেন ও তার নিয়োগ তাৎক্ষণিক বাতিল বলে গণ্য হবে। তার পরিবর্তে অপেক্ষমান তালিকা হতে নিয়োগ করা হবে।
৫. তালিকাকারী/গণনাকারী ও সুপারভাইজার নির্বাচন সংক্রান্ত বিষয়ে এতুদ্দেশ্য গঠিত যাচাই বাছাই কমিটির সিদ্ধান্তই চুড়ান্ত বলে গণ্য হবে।
৬. মৌখিক পরিক্ষার সময় সূচী পরবর্তীতে ওয়েবসাইটে দেয়া হবে।

**(বিঃ দ্রঃ ইতিপূর্বে লিস্টিং অপারেশনে নির্বাচিত প্রার্থীগণের পুনরায় আবেদন করার প্রয়োজন নেই।)**

০৪/০৮/২১

(মোঃ ময়নুল ইসলাম)
উপজেলা নির্বাহী অফিসার
শেরপুর,বগুড়া।
ও
সভাপতি
"জনশুমারি ও গৃহগণনা - ২০২১" এর
সুপারভাইজার ও তথ্যসংগ্রহকারী/গণনাকারী নির্বাচন কমিটি।

# আবেদন ফরম

ফরম নং-__________
(অফিস কর্তৃক পূরণীয়)

বরাবর
উপজেলা নির্বাহী অফিসার, শেরপর, বগুড়া।

| ২ (এক) কপি pp সাইজের ছবি সংযুক্ত করতে হবে |
|---|

পদের নাম: ............................................ পদে আবেদন

**(শুধুমাত্র A4 সাইজ কাগজে প্রিন্ট করে প্রার্থী স্বহস্তে পূরণ করুন)**

১. প্রার্থীর নাম : ইংরেজি বড় অক্ষরে :

২. পিতারনাম : ইংরেজি বড় অক্ষরে :

৩. মাতারনাম : ইংরেজি বড় অক্ষরে :

৪. বর্তমান ঠিকানা (ইংরেজি বড় অক্ষরে)
C/O :
HOLDING No. :
VILL/MAHALLA :
P.O :
UNION/ POURASABHA :
UPAZILA :
DIST. :

৫. জাতীয় পরিচয় পত্রের নম্বর (ইংরেজিতে) :

৬. জন্ম নিবন্ধন নম্বর (NID না থাকলে) ইংরেজিতে

৭. জন্ম তারিখ (ইংরেজিতে) :

৮. যে মহল্লা/গ্রামে কাজ করতে আগ্রহী :

৯. শুমারি/জরিপ কাজে পূর্ব অভিজ্ঞতার বিবরণ (যদি থাকে) :

১০. মোবাইল নম্বর (ইংরেজিতে) :

১১. নিজস্ব স্মার্ট ফোন আছে কিনা? (বাম পার্শ্বে টিক চিহ্ন দিন) হ্যাঁ ☐ না ☐
উত্তর হ্যাঁ হলে
আপনার ফোনের Android Version:.......,
আপনার ফোনের স্ক্রীন সাইজ...........ইঞ্চি

১২. শিক্ষাগত যোগ্যতা :

| পরীক্ষার নাম | বিভাগ/বিষয় | প্রাপ্ত জিপিএ/শ্রেণি | পাশের সন | বোর্ড/বিশ্ববিদ্যালয় |
|---|---|---|---|---|
| | | | | |
| | | | | |
| | | | | |
| | | | | |

আমি এ মর্মে অঙ্গীকার করছি যে, ওপরে বর্ণিত তথ্যাবলি সম্পূর্ণ সত্য। কোন তথ্য অসত্য প্রমাণিত হলে আইনানুগ শাস্তি ভোগ করতে বাধ্য থাকব। আমি আরও অঙ্গীকার করছি যে, আবেদনকৃত পদে নির্বাচিত হলে আমার উপর অর্পিত দায়িত্ব নির্দেশনা মোতাবেক নিষ্ঠা ও সততার সাথে পালন করব।

তারিখঃ | | | 0 | 8 | 2 | 0 | 2 | 1 |

প্রার্থীর স্বাক্ষর ও তারিখ

সংযুক্তি সমূহঃ
ক) সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের ০১(এক) ফটোকপি।
খ) জাতীয় পরিচয়পত্রের ০১(এক) ফটোকপি।
গ) জাতীয়তা/নাগরিকত্ব ও জন্ম নিবন্ধন সনদপত্রের ০১(এক) ফটোকপি।